

## ■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ১৫৪৪

১৪/ ইলম

পরিচ্ছেদঃ ইলমের ফয়েলত

আরবী

وَعَنْ مُعَاوِيَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ يُرِدُ اللَّهُ بِهِ خَيْرًا يُفَقِّهُ فِي الدِّينِ مُتَفَقٌ عَلَيْهِ

বাংলা

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা বলেন,

وَقُلْ رَبِّ زِدْنِي عِلْمًا

অর্থাৎ, বল, হে আমার প্রতিপালক! আমার জ্ঞান বৃদ্ধি কর। (তা-হা ১১৪)

তিনি সুবহানাহু ওয়া তাআলা অন্যত্র বলেন,

فُلْ هُلْ يَسْتَوِي الَّذِينَ يَعْلَمُونَ وَالَّذِينَ لَا يَعْلَمُونَ

অর্থাৎ, বল, যারা জানে এবং যারা জানে না তারা কি সমান? (যুমার ৯)

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আরো বলেন,

يَرْفَعُ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَالَّذِينَ أَوْتُوا الْعِلْمَ دَرَجَاتٍ

অর্থাৎ, যাদেরকে জ্ঞান দান করা হয়েছে আল্লাহ তাদেরকে বহু মর্যাদায় উন্নত করবেন। (মুজাদালা ১১) তিনি অন্য জায়গায় বলেন,

إِنَّمَا يَخْشَى اللَّهَ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ

অর্থাৎ, আল্লাহর বান্দাদের মধ্যে জ্ঞানীরাই তাঁকে ভয় ক'রে থাকে। (ফাত্তের ২৮)

আর এ কথা বিদিত যে, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'ইলম অনুসন্ধান করা প্রত্যেক (নর-নারী) মুসলিমের জন্য আবশ্যিক।' (সঃ জামে' ২৯১৩, সঃ তারগীব ৭২)

(১৫৪৪) মুআবিয়াহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সান্নাহান্ত আলাইহি ওয়াসান্নাম বলেছেন, আন্নাহ  
যার মঙ্গল চান, তাকেই দীনী জ্ঞান দান করেন।

## ফুটনোট

(বুখারী ৭১, ৩১১৬, ৭৩১২, মুসলিম ২৪৩৬, ২৪৩৯, ইবনে মাজাহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবু সুফিয়ান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65292>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন